দৈনিক জনকণ্ঠ

JAN 01 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ...৪......

# রবীন্দ্র রচনাবলীর গ্রন্থস্বত্ব বিশ্বভারতীর হাতে আর থাকছে না

**শর্মিষ্ঠা রায়, নয়াদিল্লী থেকে ॥** ভারতের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, আজ মঙ্গলবার থেকে রবীন্দ্র রচনাবলীর গ্রন্থস্বত্ব আর বিশ্বভারতীর হাতে থাকছে না। বিশ্বকবির রচনাবলী, সঙ্গীত ও স্বরলিপি নতুন বছরের প্রথম দিন থেকে জনসাধারণের জন্য উন্মুক্ত

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## রবীন্দ্র রচনাবলীর

(প্রথম পাতার পর)

করে দেয়া হলো।

বিশ্বভারতীর উপাচার্য সুজিত বসু জানিয়েছেন, এ সংক্রান্ত কোন চিঠি এখন পর্যন্ত তাঁর কাছে এসে পৌঁছেনি। কিন্তু মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী মুরলী মনোহর যোশী বলেছেন, রবীন্দ্র সাহিত্যকর্ম ও সঙ্গীত এভাবে বিশ্বভারতীর স্বত্বাধীন করে রাখার কারণে তা সর্বসাধারণের কাছে পৌঁছতে পারছে না। এ বিষয়ে বৈষম্য সৃষ্টির অভিযোগও উঠেছে। তিনি বলেন, বঙ্কিম চন্দ্র, তলস্তয় থেকে শুরু করে শরৎচন্দ্র পর্যন্ত বিশ্বের মহান সাহিত্যিকদের কারোর সাহিত্যকর্মই কোন সংস্থার স্বত্বাধীনে নেই। রবীন্দ্রনাথ আমাদের প্রাণের কবি, ঘরের কবি এবং একই সঙ্গে বিশ্বকবি। তাঁকে সর্বসাধারণের কাছে পৌঁছে দিতেই এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।